মেহেরপুরের ৩টি গ্রাম (হিন্দা, তেতুলবাড়ীয় ও আনন্দবাস) লকডাউন

মেহেরপুরের সীমান্ত এলাকায় করোনা সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় গাংনী উপজেলার হিন্দা ও তেতুলবাড়ীয় এবং মুজিবনগর উপজেলার আনন্দবাসকে লকডাউন ঘোষনা করেছে জেলা করোনা প্রতিরোধ কমিটি।

আজ সোমবার জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান জরুরী জুম মিটিংয়ে এ সিদ্ধান্তের কথা জানান।

আগামীকাল মঙ্গলবার থেকে দুই সপ্তাহ এ লকডাউন থাকবে। এসময় ওই জররুী প্রয়োজনীয় ওষুধের দোকান ও কাচাবাজার ছাড়া সকল প্রকার দোকান-পাট বন্ধ থাকবে। ওই এলাকার কোন ব্যক্তি যদি জরুরী কাজে বাড়ির বাইরে বের হন তবে তাকে উপযুক্ত কারণ দর্শাতে হবে।

আগামীকাল থেকে দুই সপ্তাহ মেহেরপুরে কঠোর বিধি নিষেধ আরোপ

আগামীকাল মঙ্গলবার থেকে দু্ই সপ্তাহের জন্য মেহেরপুরে কঠোর বিধি নিষেধ আরোপ করেছে জেলা প্রশাসন। একই সঙ্গে মেহেরপুর থেকে রাজশাহী গামী বিআরটিসি বাস চলাচল বন্ধ করা হয়েছে।

আজ সোমবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের জুম মিটিংয়ে এ সিদ্ধান্ত জানানো হয়। আগামী দুই সপ্তাহ এ বিধি নিষেধ বলবৎ থাকবে।

জুম মিটিংয়ে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বক্তব্য দেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী, সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, জেলা

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন প্রমুখ।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান জানান, করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষে করোনা প্রতিরোধ কমিটির পক্ষ থেকে নিম্মোক্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেগুলো হলো: জেলার অভ্যন্তরে বা[ড়ির বাইরে বের হলে মাস্ক ব্যবহার করতে হবে, জরুরী ব্যতিত সকল ব্যবসা প্রতিষ্ঠান সন্ধ্যা ৬টা থেকে সকাল ১০ টা পর্যন্ত বন্ধ থাকবে, গাংনী উপজেলার তেতুলবাড়িযা, হিন্দা ও মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে সকল দোকান পাট বন্ধ থাকবে, এই মুহুর্তে রাজশাহী যেহেতু সংক্রমণ বেশি সে হিসেবে মেহেরপুর থেকে রাজশাহীগামী বিআরটিএ বাস চলাচল বন্ধ ঘোষনা করা হয়েছে।

মেহেরপুরে জেলা পরিষদের মাস্ক বিতরণ

করোনা ভাইরাস সংক্রমণ থেকে মানুষ যেন নিরাপদ থাকতে পারে সেজন্য মানুষের মাঝে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান ও হ্যান্ডওয়াশ বিতরণ করেছে মেহেরপুর জেলা পরিষদ।

সোমবার দুপুর ১২ টার সময় মেহেরপুরের শহরের বিভিন্ন স্থানে,মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসূল নিজ হাতে মানুষের মাঝে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান বিতরণ করেন।

মেহেরপুর জেলা পরিষদের সামনে থেকে বড়বাজার পর্যন্ত পথচারীদের মাঝে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান বিতরণ করা হয়। মেহেরপুর জেলা পরিষদের পক্ষ থেকে ৩ লক্ষ ৯০ হাজার মাস্ক, ১০ হাজার হ্যান্ড স্যানিটাজার,১০ হাজার হ্যান্ডওয়াশ,১০ হাজার সাবান দেওয়া হবে বলে জানান জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রাসূল। জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রাসূল সহ জেলা পরিষদের সদস্য নার্গিস সুলতানা, সামিউন বাসির পলি, অতুল মোরশেদ, ইমতিয়াজ আহমদ মিরন, খাজা মইনুদ্দিন লিটন, আজিমুল বাবি মুকুল সহ

জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কোলড্রিংস ভেবে বিষপান করে শিশুর মৃত্যু

মেহেরপুরের ঝাউবাড়িয়া মিলপাড়া গ্রামের মৃত্যু বাবু খাঁর নাতি ও শাহজামাল খান শামীমের ছেলে তাহসিন (৫) শিশুর বিষপান করার কারণে মৃত্যু হয়েছে।

গত শুক্রবার তাহসিনের বাবা শাহজামাল খান শামিম একটি টাইগারের বোতলে ঘাস মারা বিষ রেখে ছিল সেটি মাঠে নিয়ে যাওয়ার জন্য বাইরে বের করে রাখার পর বাড়িতে থাকা সেভেন আফ এর বোতলে থাকা ঘাস পোড়া বিষ শিশু তাহছান কোল্ডড্রিংক ভেবে পান করে ফেলে। পান করার কিছুক্ষণ পরে শিশু তাহসিন অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর সদর জেনারেল হাসপাতাল নেওয়া হয়।

পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয় সেখানে চিকিৎসাধীন অবস্থায় রবিবারে বিকেল সাড়ে পাঁচটার দিকে তাহসিন মৃত্যু হয়।
পরে সোমবার বেলা ১১ টার সময় তার জানাজার নামাজ শেষে দাফন সম্পণ করা হয়।

নারী কেলেংকারী: ইউপি সদস্যকে গাছে বেঁধে পেটালো এলাকাবাসী

কুষ্টিয়ার দৌলতপুরে নারী কেলেংকারীর অপরাধে শাহজাহান আলী (৩৫) নামে এক ইউপি সদস্যকে গাছে বেঁধে পিটিয়েছে এলাকাবাসী। শাহজান আলী উপজেলার রিফাইতপুর ইউনিয়নের ৩ নাম্বার ওয়ার্ডের বর্তমান ইউপি

সদস্য।

রবিবার দুপুরে উপজেলার রিফাইতপুর ইউনিয়নের আন্দালবাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে। এলাকাবাসী জানান ওই ইউপি সদস্য শাহজাহান আলী একজন নারী লোভী মানুষ। অতীতে তার তিন তিনটা স্ত্রী থাকলেও সপ্তাহ দুয়েক আগে রিফাইতপুর ইউপির আন্দলবাড়িয়া গ্রামের এক মেয়েকে ভাগিয়ে নিয়ে বিয়ে করেন। এ নিয়ে শাজাহান মেম্বারের স্ত্রীর সংখ্যা দাঁড়ায় চারে।

রবিবার দুপুরে ওই মেয়েকে সাথে নিয়ে তার বাবার বাড়িতে নিয়ে আসলে এলাকাবাসী ওই মেম্বার কে গণপিটুনি দিয়ে খেজুর গাছে বেঁধে রাখলে স্থানীয় দিগলকান্দি ক্যাম্পের পুলিশ এসে তাকে উদ্ধার করে।

এ ব্যাপারে দিগলকান্দি পুলিশ ক্যাম্পের ইনচার্জ হামিদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, শাজাহান মেম্বারের আগেও একাধিক বউ রয়েছে। তারপরেও সে একটি অবিবাহিত মেয়েকে বের করে নিয়ে যাওয়ার ঘটনাকে কেন্দ্র করে তাকে এলাকাবাসী মারধর করার সংবাদ পেয়ে আমরা ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে তাকে উদ্ধার করা হয়।

এ ব্যাপারে রিফাইতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জামিরুল ইসলাম বাবু জানান, এলাকাবাসী গাছে বেঁধে শাজাহান মেম্বারকে মারধরের ঘন্টা খানেক পরে আমি বিষয়টা জানতে পারি, সে একটা মেয়েকে বের করে নিয়ে গেছে এই জন্য তাকে মারধর করা হয়েছে এর বেশি কিছু আমি আর জানিনা। এ ব্যাপারে কথা বলার জন্য অভিযুক্ত ইউপি সদস্য শাহজাহান আলীর সাথে যোগাযোগ করার চেষ্টা করলে তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।

কুষ্টিয়ায় সেই হত্যাকান্ডের ঘটনাস্থল পরিদর্শন করলেন খুলনা

রেঞ্জের অতিরিক্ত ডিআইজি

কুষ্টিয়ায় তিনটি হত্যাকান্ডের ঘটনাস্থল পরিদর্শন করেছেন খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি একে এম নাহিদুল ইসলাম।

রোববার বিকেলে ঘটনাস্থল পরিদর্শন করেন তিনি। পরে তিনি সাংবাদিকদের সাথে কথা বলেন।

তিনি বলেন, আই্ন সবার জন্য সমান। আজকের এই হত্যাকান্ডের ঘটনায় পুলিশ তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেবে। তিনি আরও বলেন, সৌমেনের একান্ত ব্যক্তিগত ও পারিবারিক কারণে এ হত্যাকাণ্ডটি ঘটেছে। এর সঙ্গে পুলিশের ভাবমূর্তির কোনো সম্পর্ক নেই।

এসময় সেখানে কুষ্টিয়া পুলিশ সুপার খায়রুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমানসহ অন্যান্য পুলিশ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সকাল সাড়ে ১১টার দিকে শহরের কাস্টমস মোড়ে প্রকাশ্যে শাকিল, আসমা এবং রবিনকে গুলি করে সৌমেন। এ সময় স্থানীয় জনগণ ও ব্যবসায়ীরা তাকে আটক করে। পরে ঘটনাস্থল থেকে স্থানীয়রা তাদের হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় শাকিল ও রবিন মারা যান। এবং ঘটনাস্থলে মারা যান আসমা।

পরে পুলিশ ঘটনাস্থলে যান এবং অভিযুক্ত সৌমেনকে অস্ত্র ও গুলিসহ আটক করে পুলিশ। আটককৃত সৌমেন রায় খুলনা ফুলতলা থানায় কর্মরত ছিলেন। তিনি ছুটি না নিয়ে কুষ্টিয়া এসে এই হত্যাকান্ড ঘটান।

এএসআই সৌমেনের বিরুদ্ধে কুষ্টিয়ায় মামলা দায়ের

কুষ্টিয়ায় মা-ছেলেসহ ৩ জনকে গুলি করে হত্যার ঘটনায় সহকারী উপ পরিদর্শক (এএসআই) সৌমেন কুমার রায়ের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করা হয়েছে।

রবিবার রাতে নিহত শাকিল হোসেনের বাবা মেজবার রহমান কুষ্টিয়া মডেল থানায় এই মামলা দায়ের করেন। কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ সাব্বিরুল ইসলাম জানান, ঐ ঘটনায় নিহত শাকিল হোসেনের বাবা মেজবার রহমান রোববার রাতে কুষ্টিয়া মডেল থানায় এই মামলা দায়ের করেছেন।

রোববার সকালে কুষ্টিয়ার কাস্টমস মোড় এলাকায় স্ত্রী আসমা খাতুন, ছেলে রবিন ও স্ত্রীর ‘কথিত প্রেমিক’ শাকিল হোসেনকে গুলি করে হত্যা করেন খুলনার ফুলতলা থানায় কর্মরত এএসআই সৌমেন রায়। এ হত্যাকাণ্ডে সৌমেন সরকারি অস্ত্র ও গুলি ব্যবহার করেছে বলেও সমকালকে নিশ্চিত করেছে কুষ্টিয়া জেলা পুলিশ।

এর আগে রোববার রাতে খুলনার ফুলতলা থানার সহকারী উপ পরিদর্শক (এএসআই) সৌমেন কুমার রায়কে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এছাড়া এ ঘটনা তদন্তে খুলনা জেলা পুলিশের পক্ষ থেকে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিকে ৩ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে।

এছাড়া খুলনা রেঞ্জ পুলিশের পক্ষ থেকে ৩ সদস্যের আরেকটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল ইসলাম জানান, সৌমেনকে অস্ত্র ও গুলিসহ আটক করা হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে বেশকিছু তথ্য দিয়েছে। পুলিশ সেগুলো যাচাইবাছাই করে দেখছে। পরকীয়ার জের ধরেই কুষ্টিয়ায় স্ত্রী আসমা খাতুন, ছেলে রবিন ও স্ত্রীর ‘কথিত প্রেমিক’ শাকিল হোসেনকে গুলি করে হত্যা করেছেন খুলনার ফুলতলা থানায় কর্মরত এএসআই সৌমেন রায়।

ঝিনাইদহে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক শাখা’র উদ্বোধন

ঝিনাইদহে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড এর ১৮৫তম শাখার উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকাল ১১টায় প্রধান কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সের

মাধ্যমে প্রধান অতিথি থেকে নতুন এ শাখার উদ্বোধন করেন ব্যাংকের সাবেক চেয়ারম্যান ও বর্তমান পরিচালক আনোয়ার হোসেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক ফরমান আর. চৌধুরী। এদিকে উদ্বোধন উপলক্ষে শহরের শের-ই বাংলা সড়কের ঝিনাইদহ শাখার কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের খুলনা জোনের প্রধান মজিবুর রহমান, হরিণাকুন্ডু উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সাবেক সভাপতি মাহমুদুল ইসলাম ফোটন, জোহান এগ্রো ফুড লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোয়াজ্জেম হোসেন, সরকারি কেসি কলেজের সহযোগি অধ্যাপক আনিছুর রহমান প্রমুখ।

এছাড়াও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, ব্যবসায়ী সহ বিভিন্ন শ্রেণি পেশায় মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক আসাদুজ্জামান এভিপি। অনুষ্ঠানে বক্তারা, ব্যাংক থেকে গ্রাহকরা যাতে করে সহজ শর্তে ঋণ ও ভালো মানের সেবা পাই সেদিকে নজর রাখার আহবান জানান।

দর্শনা থানা পুলিশের অভিযানে গাঁজা সহ আটক ২

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযান চালিয়ে ৪০০ গ্রাম গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায় রবিবার দুপুর ১ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব এসআই আহম্মেদ আলী বিশ্বাস, সঙ্গীয় অফিসার এএসআই মোঃ শাহিন আলম এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন চন্ডিপুর সাকিনাস্থ দর্শনা টু কুড়ুলগাছি রোডস্থ চন্ডিপুর খামারিপাড়ার কালাম এর চায়ের দোকানের সামনে পাকা উপর থেকে ৪০০ গ্রাম গাঁজা সহ ২ জনকে গ্রেফতার করে। আসামীরা হল মেহেরপুর মহিলা কলেজপাড়া এলাকার মৃত হারেজ শেখের ছেলে

মোঃ রিপন (৩৫) ও বাসস্টান্ড পাড়ার মোঃ আশকার আলীর ছেলে মোঃ সোহেল (২১)। উভয়ই মেহেরপুর সদর থানা এলাকার বাসিন্দা ।

পুলিশ আরও জানায় আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে এবং মাদক বিরোধী অভিযান চলমান থাকবে।

দামুড়হুদায় করোনা আক্রান্ত রোগীদের বাড়ি বাড়ি খাদ্য সহায়তা পৌঁছে দিলেন উপজেলা প্রশাসন

দামুড়হুদা উপজেলায় করোনা আক্রান্ত রোগীর সংখ্যা আশংকাজনক ভাবে বৃদ্ধি পেয়েছে। উপজেলা প্রশাসনের জনসচেতনতা মূলক কর্মকাণ্ড সহ সকল প্রকার মানবিক ভূমিকা পালনে বদ্ধ পরিকর। গত এপ্রিল মাসের ২৫ তারিখ হতে গতকাল ১৩/জুন রবিবার পর্যন্ত দামুড়হুদা উপজেলায় করোনা আক্রান্ত রোগীর সংখ্যা মোট ১৩৩ জন।

রবিবার করোনার রিপোর্ট পাওয়ার সাথে সাথে করোনা আক্রান্ত ব্যক্তির বাড়িতে বাড়িতে পৌঁছে দেয়া খাদ্য সামগ্রী দামুড়হুদা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে লকডাউন স্টিকার এবং লাল ফ্ল্যাগ দিয়ে ঝুলিয়ে দেওয়া হয়। করোনা আক্রান্ত রোগীদের বাড়ি বাড়ি সরকারী খাদ্য সহায়তা পৌঁছে দেওয়া হয়। খুব বেশি অসুস্হ ব্যক্তিকে হাসপাতালে যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিত করার ব্যাবস্থা করা হয়। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে করোনা আক্রান্ত রোগীদের ক্ষেত্রে সার্বিক সেবা নিশ্চিত করায় উপজেলা প্রশাসনের সর্বোচ্চ প্রয়াস চলমান থাকবে বলে ঘোষণা দেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

রবিবার বিকাল ৩ টার দিকে দামুড়হুদা সদরের দাসপাড়া এবং দশমীপাড়ায় করোনা আক্রান্ত রোগীদের খোঁজখবর নেওয়া সহ করোনা আক্রান্ত রোগীদের হোম কোয়ারেন্টাইন যথাযথভাবে পালনের নির্দেশ দেন